দৈনিক ইত্তেফাক

তারিখ ... ০৩ ... ১৯৯৯ ...
পৃষ্ঠা ... কলাম ...

## পরীক্ষার মৌসুম বিবেচনা না করিয়া হরতাল আহ্বান

# লক্ষ লক্ষ পরীক্ষার্থী ও অভিভাবক দুশ্চিন্তায় ॥ বিপাকে স্কুল কর্তৃপক্ষ

*রেজানুর রহমান ॥ নভেম্বর মাস। শুরু হইয়াছে শিক্ষার্থীদের বার্ষিক ও টেষ্ট পরীক্ষার মৌসুম। আসন্ন উপজেলা ও সিটি কর্পোরেশনের নির্বাচনের কারণে শিক্ষা অধিদপ্তর নভেম্বর মাসের মধ্যেই স্কুলের বার্ষিক টেষ্ট পরীক্ষা শেষ করার পরামর্শ দিয়াছে। অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী দেশের সকল স্কুল পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন করিয়াছে।* (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার মৌসুম

(১ম পৃষ্ঠার পর)

কোন কোন স্কুলে বার্ষিক পরীক্ষা শুরুও হইয়া গিয়াছে। কোথাও কোথাও টেষ্ট পরীক্ষা প্রায় শেষের পথে। কিন্তু হঠাৎ করিয়া বিরোধী দলের হরতাল কর্মসূচী ঘোষিত হওয়ায় দেশের লক্ষ লক্ষ পরীক্ষার্থী ও তাহাদের অভিভাবকবৃন্দ দারুণ দুশ্চিন্তায় পড়িয়াছেন। স্কুলের কর্মকর্তারাও পড়িয়াছেন উভয় সংকটে। অধিকাংশ স্কুলে নূতন করিয়া পরীক্ষার সময়সূচী নির্ধারণ করিতে হইতেছে। নূতন সময়সূচী নির্ধারণ করিতে গিয়া অনেকেই আশংকা প্রকাশ করিতেছেন, আবারও হরতাল পরীক্ষার জন্য সংকটের কারণ হইয়া দাঁড়াইবে নাতো ?

স্কুলের বার্ষিক পরীক্ষা শিক্ষার্থীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। দীর্ঘ এক বৎসরের অনুশীলন এবং চর্চা শেষে এই পরীক্ষার মাধ্যমেই ছাত্র-ছাত্রীদের মেধা নির্ধারণ করা হইয়া থাকে। সঙ্গত কারণেই এই পরীক্ষার জন্য শান্তিময় পরিবেশ প্রয়োজন। কিন্তু দুর্ভাগ্যজনক হইলেও সত্য আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীরা এই সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। পরীক্ষার পূর্ব মুহূর্তে পরীক্ষার্থীদের ভাবিতে হইতেছে নানা সংকটের কথা। আজ ১লা নভেম্বর নগরীর বিভিন্ন স্কুলে বার্ষিক পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। গত পরশু পর্যন্ত কেহ ভাবিতে পারে নাই আজ হরতাল ডাকা হইবে। পরীক্ষা শুরুর আগের দিন দৈনিক পত্রিকাসমূহে হরতালের খবর দেখিয়া প্রায় সকল স্কুলই বিপাকে পড়িয়াছে। অনেক স্কুলে তড়িঘড়ি সভা ডাকিয়া আজকের পরীক্ষা স্থগিত করা হইয়াছে। কিন্তু ৭ ও ৮ নভেম্বরের পরীক্ষার ব্যাপারে অধিকাংশ স্কুল এখনও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিতে পারে নাই।

ভিকারুননিসা নূন স্কুলে ২০০০ সালের এসএসসি পরীক্ষার্থীদের টেষ্ট পরীক্ষা শুরু হইয়াছে। ৩রা নভেম্বর হইতে বার্ষিক পরীক্ষা শুরুর প্রস্তুতি নেওয়া হইয়াছে। গভঃ ল্যাবরেটরী স্কুলে এসএসসি'র টেষ্ট এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বার্ষিক পরীক্ষা শুরু হইয়াছে। আইডিয়াল স্কুলে শুরু হইয়াছে এসএসসি টেষ্ট পরীক্ষা। হরতালের কারণে এই তিনটি স্কুলে আজকের নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে না। ৭ ও ৮ই নভেম্বর পরীক্ষার ব্যাপারে গতকাল পর্যন্ত কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই। উইলস লিটল ফ্লাওয়ার, হলিক্রস স্কুলে ৭ই নভেম্বর হইতে বার্ষিক পরীক্ষার সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছে। হরতালের কারণে এই পরীক্ষার ভবিষ্যৎ নিয়াও আশংকা দেখা দিয়াছে। হরতালের কারণে স্কুলের পাশাপাশি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও দারুণ বিপাকে পড়িয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে মাষ্টার্সসহ বিভিন্ন শ্রেণীর পরীক্ষা চলিতেছে। আজকের নির্ধারিত পরীক্ষা হরতালের কারণে অনুষ্ঠিত হইবে না। তবে ৭ ও ৮ই নভেম্বরের পরীক্ষার ব্যাপারে গতকাল পর্যন্ত কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

স্কুলের পরীক্ষা নিয়া গতকাল কথা হইল বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকের সহিত। তাহারা বলিলেন ঃ ৭ ও ৮ই নভেম্বরের পরীক্ষা পিছানোর সুযোগ রহিয়াছে। কিন্তু ইহার পর হরতাল হইলে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে বিশৃংখলা দেখা দিবে।

হরতালের কারণে স্কুলের বার্ষিক পরীক্ষা নিয়া সবচাইতে সমস্যায় পড়িয়াছেন অভিভাবকবৃন্দ। গতকাল একজন অভিভাবক ইত্তেফাকে টেলিফোন করিয়া বলিয়াছেন, ছেলে-মেয়েদের নিয়া দারুণ দুশ্চিন্তায় পড়িয়াছি। হঠাৎ করিয়া যেমন হরতাল ঘোষণা করা হইতেছে তেমনি হঠাৎ করিয়া পরীক্ষাও পিছাইয়া ...য়া হইতেছে। ইহার ফলে পরীক্ষার ...র ছাত্র-ছাত্রীদের মনযোগ শিথিল হইতেছে